# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

**নরসিংদী শাখা, নরসিংদী।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক**

## বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ইউসিবি, নরসিংদী শাখার** ঋণ গ্রহীতা **মেসার্স আপন ক্লথ স্টোর, প্রোপ্রাইটরঃ জনাব টিটন সাহা**, পিতা- সূনীল চন্দ্র সাহা, মাতা- অঞ্জলী রাণী সাহা, ব্যবসায়িক ঠিকানা-কালিবাড়ী রোড, নরসিংদী বাজার, জেলা-নরসিংদী। বর্তমান ঠিকানাঃ ও স্থায়ী ঠিকানা- গ্রাম-৩৮৭/১, পশ্চিম কান্দাপাড়া, ডাকঘর-নরসিংদী-১৬০০,উপজেলা-নরসিংদী সদর, জেলা-নরসিংদী কর্তৃক ইউসিবি, নরসিংদী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/১০/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫৩,৪১,৯১২.৯২ (তিপ্পান্ন লক্ষ একচল্লিশ হাজার নয়শত বার টাকা বিরানব্বই পয়সা) সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

| Mouza | Khatian No. | Plot No. | | Nature | Area | Boundaries |
|---|---|---|---|---|---|---|
| | | CS/SA | RS | | | |
| Satirpara<br>JL No.<br>CS 293<br>SA 58<br>RS 48 | CS 2847<br>SA 2943<br>RS 834<br>RS Kharija 9487<br>(Jote No. 9487)<br>MS Case No.<br>9540/08-09<br>dated 22-06-2009 | 3473 | 5270 | Dokan | 0.58 dec. | North: Pouroshava Road<br>South: Khokon Bhuiyan & others.<br>East: Haji Farid Miah<br>West: Haji Mosleh Uddin Bhuiyan & others. |
| **Quantity of property to be mortgazed: 0.58 dec.** | | | | | | |

## নিলামের শর্তাবলী

১। আগামী ২৯.১০.২০২৫ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি., নরসিংদী শাখা-এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চুরশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নরসিংদী শাখা, নরসিংদী ।-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত পর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত নর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি করে আহবান করিতে পারিবেন।

৪। ১নং তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউসিবি, নরসিংদী শাখা, নরসিংদী।**